



# বাংলাদেশ সেনাবাহিনীতে নার্স হিসেবে যোগ দিন

## ৪৩তম ডিএসএসসি আর্মড ফোর্সেস নার্সিং সার্ভিস (এএফএনএস) - মহিলা

### সেবায় ও ত্যাগে রহিব সমুজ্জ্বল



#### যোগ্যতাঃ

- ১। **বয়স**। ০১ জুলাই ২০২৬ তারিখে অনূর্ধ্ব ২৬ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।
- ২। **শারীরিক মান (ন্যূনতম)**।  
(ক) উচ্চতা : ১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি)।  
(খ) ওজন\* : ৪৬.০০ কেজি (১০০ পাউন্ড)।  
(গ) বুকের মাপ : স্বাভাবিক - ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)।  
প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)।

\* উচ্চতা ও বয়স অনুসারে সেনাবাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবেন।

- ৩। **শিক্ষাগত যোগ্যতা**। এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩.৫০ সহ সরকার কর্তৃক স্বীকৃত নার্সিং কলেজ হতে বিএসসি-ইন-নার্সিং ডিগ্রি এবং ইন্টারশীপ সম্পন্নকারী।
- ৪। **বৈবাহিক অবস্থা**। অবিবাহিতা/বিবাহিতা/বিধবা/তালাকপ্রাপ্ত।
- ৫। **জাতীয়তা**। জন্মসূত্রে বাংলাদেশি নাগরিক।

#### প্রার্থীর জন্য অযোগ্যতাঃ

- ৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যেকোন সরকারি চাকরি/প্রশিক্ষণ হতে বরখাস্ত/অপসারিত/স্বেচ্ছায় পদত্যাগ গ্রহণ।
- ৭। যেকোন ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত।
- ৮। প্রতিটি চোখের দৃষ্টিক্ষমতা ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপ্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপ্টার এর বেশি হলে অযোগ্য বলে বিবেচিত হবেন।
- ৯। দ্বৈত নাগরিকত্ব অথবা বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে স্থায়ীভাবে বসবাসের অনুমতি থাকলে।
- ১০। ভর্তি প্রক্রিয়ার যেকোন পর্যায়ে ভুল বা মিথ্যা তথ্য প্রদান করা হলে প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

#### আবেদন করার পদ্ধতিঃ

- ১১। ০৪ ফেব্রুয়ারি ২০২৬ হতে ০৭ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত <https://join.army.mil.bd> ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। এক্ষেত্রে ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান কোনায় APPLY NOW-তে ক্লিক করে 43<sup>rd</sup> AFNS-এ APPLY করতে হবে। আবেদনকারী প্রার্থীগণকে Trust Bank t-cash, VISA/Master Card, bKash, Rocket ইত্যাদির মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করতে হবে। আবেদন প্রক্রিয়াতেই ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যাবে এবং তাৎক্ষণিকভাবে লিখিত পরীক্ষার জন্য কল-আপ লেটার পাওয়া যাবে।

#### নির্বাচন পদ্ধতিঃ

- ১২। **লিখিত পরীক্ষা**। পেশাগত বিষয়ের উপর মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা আগামী ১৩ মার্চ ২০২৬ তারিখ ০৯:০০ ঘটিকায় শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতঃ প্রার্থীরা কল-আপ লেটার প্রিন্ট করে নিবেন এবং পরীক্ষার সময় কল-আপ লেটার এবং জাতীয় পরিচয় পত্রের মূলকপি (NID Card) সাথে বহন করবেন। লিখিত পরীক্ষার ফলাফল এপ্রিল ২০২৬ মাসে আর্মি ওয়েবসাইট/এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

- ১৩। **প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা**। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা আগামী ২৬ এপ্রিল ২০২৬ হতে ৩০ এপ্রিল ২০২৬ তারিখে ডিজিএমএস অফিস, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় সকল পরীক্ষার সার্টিফিকেট ও মার্কসীট এর মূলকপি (এসএসসি, এইচএসসি, বিএসসি-ইন-নার্সিং ডিগ্রি ও ইন্টারশীপ সনদপত্র) প্রদর্শন করতে হবে, অন্যথায় অযোগ্য বলে বিবেচিত হবেন। প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল আর্মি ওয়েবসাইট/এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

- ১৪। **চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা**। প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা সিএমএইচ, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে।

- ১৫। **চূড়ান্ত নির্বাচন এবং যোগদানপত্র প্রদান**। উপরোক্ত সকল পরীক্ষায় যোগ্যতা অর্জন সাপেক্ষে মেধাক্রম অনুযায়ী প্রার্থীদেরকে সেনাসদর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত ঘোষণা এবং যোগদানপত্র প্রদান করা হবে।

#### প্রশিক্ষণঃ

- ১৬। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ প্রশিক্ষণার্থী অফিসার হিসেবে এএমসি সেন্টার এন্ড স্কুল, ঘাটাইলে যোগদান করবেন এবং ১০ (দশ) সপ্তাহ প্রশিক্ষণ গ্রহণ করবেন। সাফল্যের সাথে প্রশিক্ষণে কৃতকার্য হলে বিধি মোতাবেক পদবী প্রাপ্য হবেন।

#### প্রাপ্ত সুযোগ সুবিধাঃ

- ১৭। **বেতন-ভাতা**। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী এএফএনএস অফিসারগণ বেতন ভাতা প্রাপ্ত হবেন।
- ১৮। **অন্যান্য সুযোগ সুবিধা**।  
(ক) **বাসস্থান**। নিরাপদ ও মনোরম পরিবেশে প্রাধিকার অনুযায়ী বাসস্থান প্রাপ্তির সুযোগ পাবেন।  
(খ) **চিকিৎসা**। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা প্রাপ্ত হবেন। দুরারোগ্য ব্যাধির ক্ষেত্রে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক দেশে এবং দেশের বাহিরে সুচিকিৎসার সুযোগ পাবেন।  
(গ) **সন্তানদের অধ্যয়ন**। নিজ সন্তানদের জন্য সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজ ও প্রতিষ্ঠানসমূহে যোগ্যতা অনুযায়ী অধ্যয়নের সুযোগ পাবেন।

#### বিশেষ নির্দেশনাঃ

- ১৯। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।
- ২০। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানপত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

## আবেদনের শেষ তারিখ ০৭ মার্চ ২০২৬



অনলাইনে আবেদন করতে ভিজিট করুন  
<https://join.army.mil.bd>

সাপোর্ট নম্বর: +৮৮০১৭১০১৬১৯৭৯  
ই-মেইল: [joinarmy.helpdesk@gmail.com](mailto:joinarmy.helpdesk@gmail.com)

পরিচালক  
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর  
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা  
সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস